দৈনিক বাংলা

তারিখ ... 05 JAN 19৯০
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

26

# মেডিক্যাল কলেজে ভর্তি

আজ মেডিক্যাল ও ডেন্টাল কলেজের ভর্তি পরীক্ষা। মোট আসন সংখ্যা বারো শ পঁচানব্বই, প্রার্থী দশ হাজার চুয়াল্লিশ জন। চাহিদার তুলনায় সুযোগের সীমাবদ্ধতা ব্যাখ্যার অপেক্ষা রাখে না। প্রতি দশজনের প্রায় নয়জনকে ব্যর্থ হতে হবে। এ অবস্থা অবিশ্যি নতুন কিছু না। গত বছর বারো শ আসনের জন্যে প্রার্থী ছিলেন প্রায় বারো হাজার। এ বছর তবু আসন কিছু বেড়েছে আর প্রার্থীর সংখ্যা কিছু কমেছে। তবু সহনীয় অবস্থা বলা চলে না।

সুযোগের এই সীমাবদ্ধতা ভর্তি পরীক্ষার ওপর প্রভাব ফেলতে বাধ্য। এ অবস্থায় যোগ্য প্রার্থী বাছাই করার চেয়ে প্রার্থীকে খারিজ করাই প্রধান লক্ষ্য হয়ে দাঁড়ায়। আর তাই হচ্ছে বলে অভিযোগও ওঠে প্রায়ই। রাতারাতি মেডিক্যাল কলেজের সংখ্যা বা আসন বাড়ানো সম্ভব নয় বলে আমাদের হয়ত আরও অনেক দিন এ অবস্থারই মোকাবিলা করতে হবে। দেখতে হবে মেধাবী তরুণদের পেশা নির্বাচনক্ষেত্রের শুরুতেই বিপুল সংখ্যায় ব্যর্থতা বরনের করুণ ছবি।

বিষয়টি যত করুণ আর বেদনাদায়কই হোক না কেন, এর বাস্তবতাকে অস্বীকার করার উপায় আমাদের নেই। চিকিৎসাবিজ্ঞানে শিক্ষা-গ্রহণের আগ্রহ আর প্রাথমিক প্রস্তুতি নিয়ে এগিয়ে আসা তরুণদের বিপুলতর সংখ্যাকেই ব্যর্থ মনোরথ হয়ে ফিরতে হবে। যারা এ পরীক্ষায় সফল হবে সেই ভাগ্যবানদের অভিনন্দন জানানোর সঙ্গে অন্যদের প্রতি আমাদের আহবান, এ ব্যর্থতার দায় তাদের নয় তাই ভেঙ্গে পড়ার প্রশ্ন আসে না। বরং দৃঢ়তর পদক্ষেপে ভিন্নতর পথে এগিয়ে গিয়ে জাতির এ সীমাবদ্ধতা মোচনের দায়িত্ব তাদেরই নিতে হবে।

এ প্রসঙ্গে উল্লেখযোগ্য যে উচ্চ মাধ্যমিকে উচ্চ সাফল্য ছাড়া মেডিক্যাল কলেজের ভর্তি পরীক্ষার প্রার্থী হওয়ারও উপায় নেই। আজকের ভর্তি পরীক্ষার প্রার্থীরা তাই আমাদের মেধাবী তরুণদের বাছাই করা অংশ। সঙ্গতভাবেই তাই বলা চলে, এদের উপরই নির্ভর করছে আমাদের ভবিষ্যৎ।একটি ক্ষেত্রে প্রবেশে ব্যর্থতা জীবনের ব্যর্থতা নয়।

এ চিত্রের অবশ্য আরও একটি দিক আছে। তা হচ্ছে এই যে প্রতি বছরই দেখা যায় ভর্তির ডামাডোল কেটে যাওয়ার পর প্রত্যেকটি মেডিক্যাল কলেজে কিছুসংখ্যক আসন শূন্য পড়ে থাকে। বিপুল সংখ্যক তরুণকে ব্যর্থতার পথে ঠেলে দেয়ার চাইতেও এ অবস্থা অধিকতর বেদনাদায়ক। বিষয়টি নিয়ে আমরা এর আগেও আলোচনা করেছি। তবে অবস্থার কিছুই পরিবর্তন ঘটেনি। সীমাবদ্ধ সুযোগের পুরো ব্যবহারই কেবল সীমাবদ্ধতার যন্ত্রণায় সান্ত্বনা দিতে পারে। আমাদের ব্যবস্থাপকদের একথা স্মরণ রাখতে হবে। তাই কোন মেডিক্যাল কলেজে একটি আসনও খালি পড়ে থাকবে না তা নিশ্চিত করা প্রয়োজন। এ পথেই কেবল ভর্তি পরীক্ষার কঠোরতা যুক্তি পেতে পারে।